

প্রথমবারের মতো 'HEAT' প্রকল্প পেল পাবিপ্রবি

আহসান হাবীব আর্টিক, পাবনা বিজ্ঞান ও
প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ২১:০৫, ২৯ জুলাই ২০২৫



প্রথমবারের মতো হায়ার এডুকেশন এক্সিলারেশন অ্যান্ড
ট্রান্সফরমেশন (হিট) প্রকল্প পেয়েছে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয় (পাবিপ্রবি)।

“রূপপুর নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট: ট্রান্সফর্মিং ইনোভেশন, এমপ্লায়মেন্ট, গ্রোথ অ্যান্ড সাসটেইনেবিলিটি ফর নর্দান বাংলাদেশ ইন অ্যাচিভিং এসডিজি গোলস” এই শিরোনামে প্রস্তাবিত প্রকল্পটির প্রধান গবেষক ড. মাসুদ রানা। তাঁর সঙ্গে আরও তিনজন গবেষক সহকারী হিসেবে যুক্ত আছেন ব্যবসায় প্রশাসন বিভাগের ড. কামাল হোসেন, ড. রেবেকা সুলতানা রেখা এবং ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের এস এম শাহিদুল আলম।



UGC HEAT Project
Academic Transformation Fund (ATF)
Sub-Project Management Team





SPM

Dr. Masud Rana
Associate Professor
Dept. of Business Administration,
PUST



ASPM

Dr. Md. Kamal Hossain
Associate Professor
Dept. of Business Administration,
PUST



Member

Dr. Rebeka Sultana Rekha
Associate Professor
Dept. of Business Administration,
PUST



Member

S. M. Shahedul Alam
Assistant Professor
Dept. of Tourism and
Hospitality Management,
PUST



Entity : Department of Business Administration,
University : Pabna University of Science and Technology, Pabna, Bangladesh.

বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা গেছে, পাবিপ্রবি থেকে হিট প্রকল্পের জন্য মোট ৮টি প্রস্তাবনা জমা পড়ে। এর মধ্যে ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষক ড. মাসুদ রানার প্রকল্পটি নির্বাচিত হয় এবং এই প্রকল্পের জন্য বাজেট ১ কোটি টাকা।

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও গবেষণায় সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন ইউজিসি এ প্রকল্প হাতে নেয়। উচ্চশিক্ষার মানোন্নয়ন ও রূপান্তরের লক্ষ্য নিয়ে পাঁচ বছর মেয়াদি এ প্রকল্পের কাজ শুরু হয়েছে চলতি বছরের জুলাই মাস থেকে।

বাংলাদেশ সরকার ও বিশ্ব ব্যাংকের অর্থায়নে পরিচালিত এ প্রকল্প বাস্তবায়ন করছে বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশন (ইউজিসি)। ৪ হাজার ১৬ কোটি ৫৭ লাখ টাকা ব্যয়বহুল এই প্রকল্পে বাংলাদেশ সরকার ২ হাজার ৩৩ কোটি ৪৬ লাখ টাকা অনুদান ও বিশ্ব ব্যাংক ১ হাজার ৯৮৩ কোটি ১১ লাখ টাকা ঋণ সহায়তা দিচ্ছে।

এ বিষয়ে ড. মাসুদ রানা বলেন, হিট প্রকল্প হলো উচ্চশিক্ষার উন্নয়নে একটি যুগান্তকারী উদ্যোগ। প্রাথমিকভাবে পাবিপ্রবি থেকে মোট ৮ টি প্রকল্প জমা পড়লেও শেষ পর্যন্ত আমার প্রকল্পটি চূড়ান্ত করা হয়। পরে চূড়ান্তভাবে সারা দেশের ১১১টি প্রকল্পের মধ্যে থেকে পাবিপ্রবির একটি প্রকল্প নির্বাচিত হয়, যেটি আমাদের বিশ্ববিদ্যালয়ের জন্য প্রথম হিট প্রকল্প। এটি বিশ্ববিদ্যালয়ের জন্য একটি মাইলফলক হিসেবে কাজ করবে